আজ সরকারি কলেজ শিক্ষকদের কালো ব্যাজ ধারণ

যুগান্তর রিপোর্ট

দেশের গোনে ৩শ' সরকারি কলেজের শিক্ষকরা আজ কালো ব্যাজ ধারণ করে ক্লাস নেবেন। একই সঙ্গে আগামী ১৫ ডিসেম্বর কর্মবিরতি পালন করবেন তারা। দেশের বিভিন্ন কলেজে ছাত্রলীগ ও ছাত্র শিবির কর্তৃক শিক্ষক লাঞ্ছনার প্রতিবাদ এবং জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমির (নায়েম) নিয়োগ বিধি বাতিলের দাবিতে এ কর্মসূচি পালন করবেন তারা। সরকারি কলেজ শিক্ষকদের সংগঠন বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এই কর্মসূচি পালনের ডাক দিয়েছে। সংগঠনটির সাবেক সাধারণ সম্পাদক মাসুদ রানা এ তথ্য নিশ্চিত করেন।